

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৬

(أَبْوَابُ الْوتْر) বিতর (أَبْوَابُ الْوتْر)

পরিচ্ছেদঃ কেউ যদি বিতর আদায় না করে শুয়ে যায় বা তা আদায় করতে ভূলে যায়।

باب مَا جَاءَ فِي الرَّجُلِ يَنَامُ عَنِ الْوِتْرِ أَوْ يَنْسَاهُ

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ نَامَ عَنْ وِتْرِهِ فَلْيُصلِّ إِذَا أَصْبَحَ " . قَالَ أَبُو عِيسَى وَهَذَا أَصِحُ مِنَ الْحَدِيثِ الْأَوَّلِ . قَالَ أَبُو عِيسَى سَمِعْتُ أَبَا دَاوُدَ السِّجْزِيَّ يَعْنِي سُلَيْمَانَ بْنَ الأَشْعَثِ يَقُولُ سَأَلْتُ الْأَوَّلِ . قَالَ أَبُو عِيسَى سَمِعْتُ أَبَا دَاوُدَ السِّجْزِيَّ يَعْنِي سُلَيْمَانَ بْنَ الأَشْعَثِ يَقُولُ سَأَلْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ زَيْدِ بْنِ أَسْلَمَ فَقَالَ أَخُوهُ عَبْدُ اللَّهِ لاَ بَأْسَ بِهِ . قَالَ وَسَمِعْتُ مُحَمَّدًا يَذْكُرُ عَنْ عَلِيّ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّهُ ضَعَفَ عَبْدَ الرَّحْمَنِ بْنَ زَيْدِ بْنِ أَسْلَمَ وَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ ثِقَةٌ . قَالَ وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ بِالْكُوفَةِ إِلَى هَذَا وَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ ثِقَةٌ . قَالَ وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ بِالْكُوفَةِ إِلَى هَذَا الْحَدِيثَ فَقَالُوا يُوتِرُ الرَّجُلُ إِذَا ذَكَرَ وَإِنْ كَانَ بَعْدَ مَا طَلَعَتِ الشَّمْسُ . وَبِهِ يَقُولُ سُفْيَانُ التَّوْرِيُ .

## বাংলা

৪৬৬. কুতায়বা (রহঃ) .... যায়দ ইবনু আসলাম রাদিয়াল্লাহু আনহ থেকে বর্ণনা যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ কেউ যদি বিতর আদায় না করে শুয়ে পড়ে, তবে সে যেন সকালে তা পড়ে নেয়। - ইরওয়া ৪২২, তিরমিজী হাদিস নম্বরঃ ৪৬৬ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি প্রথমটির (৪৬৫) তুলনায় অধিক সহীহ। আবৃ দাউদ আস-সাজযী অর্থাৎ সুলায়মান ইবনুল আশ'আসকে বলতে শুনেছি যে, তিনি ইমাম আহমদ ইবনু হাম্বল (রহঃ)-কে আবদুর রহমান ইবনু যায়দ ইবনু আসলাম সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বলেছিলেনঃ তার ভাই আবদুল্লাহ-এর ব্যাপারে কোন অসুবিধা নেই। মুহাম্মাদ আল-বুখারী (রহঃ)-কে বলতে শুনেছি যে, আলী ইবনু আবদিল্লাহ্ (রহঃ) আবদুর রহমান ইবনু যায়দ ইবনু আসলামকে যঈফ বলেছেন। তবে বুখারী নিজে বলেছেনঃ আবদুল্লাহ ইবনু যায়দ ইবনু আসলাম সিকাহ বা বিশ্বস্ত। কতক কূফাবাসী আলিম এই হাদীস অনুসারে মত ব্যক্ত করেছেন। তারা বলেনঃ যখন মনে পড়বে সূর্যোদয়ের পর হলেও সে বিতর আদায় করে নিবে। এ হ'ল সুফইয়ান সাওরী (রহঃ) এরও অভিমত।



## **English**

Zaid bin Aslam narrated from his father that: the Prophet said: "Whoever sleeps past his Al-Witr then let him pray it in the morning."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু আসলাম (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন